/

**পশ্চিমবঙ্গ সরকার**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**
**জেশপ বিল্ডিং (দ্বিতল)**
**৬৩ নেতাজী সুভাষ রোড, কলকাতা-১.**

**নং-৩৯২৫(২০)আর.ডি/এন.আর.ই.জি.এ./১৮এস-০১/০৭** **তাং-১৪.০৫.০৮.**

প্রেরক : ডঃ মানবেন্দ্র নাথ রায়,
প্রধান সচিব,
পশ্চিমবঙ্গ সরকার

প্রপাক : ১) জেলা শাসক ..........................................জেলা
২) প্রধান সচিব, দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল,
৩) অতিরিক্ত কার্যনির্বাহী আধিকারিক,
শিলিগুড়ি মহকুমা পরিষদ।

বিষয় : গ্রাম পঞ্চায়েত কর্মচারীদের মধ্যে এন.আর.ই.জি. প্রকল্পের কাজের দায়িত্ব বন্টন।

মহাশয়,

জাতীয় গ্রামীন রোজগার নিশ্চয়তা প্রকল্পের সুষ্ঠু রূপায়নের লক্ষ্যে জেলা স্তর থেকে গ্রাম পঞ্চায়েত স্তর পর্য্যন্ত প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি/উন্নতিবিধানের প্রয়োজনীয়তার বিষয়টি কিছুদিন ধরেই অনুভূত হচ্ছে। যেহেতু প্রকল্পের বেশীর ভাগ কাজই গ্রাম পঞ্চায়েত স্তরে রূপায়িত হয়, সেঁইহেতু এই স্তরে কর্মচারীদের মধ্যে কাজের দায়িত্বের সঠিক বন্টন বিশেষ গুরুত্বপূর্ণ।

গ্রাম পঞ্চায়েত স্তরে এই প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে রূপায়ণের জন্য প্রকল্পের বিভিন্ন কাজের দায়িত্ব সুনির্দিষ্ট ভাবে গ্রাম পঞ্চায়েত কর্মচারীদের মধ্যে ভাগ করে তা যথাযথ ভাবে পালন করতে হবে।

এই উদ্দেশ্যে প্রকল্প রূপায়ণের জন্য গ্রাম পঞ্চায়েত গুলির অনুসরণ যোগ্য একটি কর্ম-বণ্টন তালিকা নীচে দেওয়া হল ঃ-

১) গ্রাম পঞ্চায়েতের অতিরিক্ত সহায়ক (যে পঞ্চায়েতে এখনও অতিরিক্ত সহায়ক নিযুক্ত হয় নি সেক্ষেত্রে বর্তমানে যে সহায়ক আছেন তিনি) এই প্রকল্পের সহিত সংশ্লিষ্ট যাবতীয় ফর্ম পূরণ ও নথীপত্র ঠিকমত রাখা সংক্রান্ত অফিসিয়াল কাজ সম্পন্ন করবেন। প্রকল্প সংক্রান্ত বিভিন্ন প্রতিবেদন প্রস্তুত /প্রেরণ করাও তাঁর অন্যতম দায়িত্ব।

২) নির্মান সহায়ক ঃ প্রকল্পের প্রাককলন প্রস্তুত করা, মাপবহিতে যথাযথ কাজের পরিমাপ লিপিবদ্ধ করা এবং সেই অনুযায়ী মাষ্টার রোলে প্রত্যেকের মজুরী লিপিবদ্ধ করা ইত্যাদি প্রকল্পের যাবতীয় প্রযুক্তিগত

বিষয়গুলি দেখাশোনা করার দায়িত্ব নির্মান সহায়কের। নথিভুক্ত কাজের পরিমানের ভিত্তিতে মাষ্টার রোল তৈরী হলে তিনি তা Executive Assistant এর কাছে পাঠাবেন এবং লিখিতভাবে সংশ্লিষ্ট মজুরী প্রদানের ব্যবস্থা করার জন্য অনুরোধ করবেন। তার ভিত্তিতে Executive Assistant পঞ্চায়েতের সচিব/সহায়ক/স্বয়ম্ভর গোষ্ঠীর মাধ্যমে মজুরী প্রদানের বন্দোবস্ত করবেন।

৩) Job Assistant ঃ- পঞ্চায়েতের Job Assistant ও কাজের প্রযুক্তিগতদিক দেখাশোনার জন্য সমান ভাবে দায়িত্বপ্রাপ্ত থাকবেন। নির্মাণ সহায়কের সাথে Job Assistant এই কাজ ভাগাভাগি করে সম্পন্ন করবেন।

৪) Exccutive Assistant ঃ- গ্রাম পঞ্চায়েতের Exccutive Assistant প্রকল্পের কাজ সামগ্রিকভাবে দেখাশোনার দায়িত্বে থাকবেন। গ্রাম পঞ্চায়েতের যে কোন কর্মীর অনুপস্থিতিতে তার ন্যস্ত কাজ Exccutive Assistant বাকি কর্মচারীদের মধ্যে বন্টন করে দিতে পারবেন।

প্রধানের অনুমতি সাপেক্ষে নির্দিষ্ট ফর্মে নূতন প্রকল্পের কাজ আরম্ভ/এবং অর্থ অনুমোদনের জন্য আবেদন ব্লকস্তরে পাঠানোর দায়িত্ব Exccutive Assistant পালন করবেন এবং প্রকল্পের মাসিক প্রতিবেদন তৈরী করে ব্লকস্তরে পাঠানোও তাঁর অন্যতম দায়িত্ব।

গ্রাম পঞ্চায়েত স্তরে এই কর্মপদ্ধতি যত দ্রুত সম্ভব অনুসরণ করানো যায়, সেই উদ্দেশ্যে এই প্রকল্পের সঙ্গে যুক্ত সকলকে প্রয়োজনীয় নির্দেশ দেওয়ার জন্য অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত

মানবেন্দ্র নাথ রায়

প্রধান সচিব

E: Type Bengli/Anjal-2005-/Mohadeb- 3925 NREGA